দৈনিক ইত্তেফাক

২০/৯/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ৪

# বেসরকারী শিক্ষকদের টাইম স্কেল প্রসঙ্গে

শিক্ষা ছাড়া জাতীয় উন্নয়ন সম্ভব নয়। কিন্তু আমাদের দেশে শিক্ষক সমাজ বড়ই অবহেলিত। বিশেষ করিয়া বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকবৃন্দ যাঁহারা দেশের ৮০% ছেলে-মেয়েকে শিক্ষাদান করিয়া থাকেন, তাঁহারা নানাভাবে বঞ্চনার শিকার। তাঁহারা সারা জীবনে মাত্র একটি বার্ষিক ইনক্রিমেন্ট পাইয়া থাকেন। বাসা ভাড়া পান মাসিক ১০০ টাকা। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বৃন্দ ৮, ১২ ও ১৫ বৎসরে তিনটি টাইমস্কেল পাইলেও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পান মাত্র একটি। এমনকি বেসরকারী কলেজের শিক্ষকগণের চাকুরী দুই বৎসর পূর্নহইলেই একটি টাইমস্কেল পাইয়া থাকেন। বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক বৃন্দের এহেন দুরবস্থার আবসন আদৌ হইবে কি? এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জি এম রব্বানী,
সিনিয়র শিক্ষক,
তাজউদ্দিন আদর্শ উচ্চ বিদ্যালয়,
দক্ষিণগাঁও, বাসাবো.